ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৮৫৯

ধর্মনগর, ২৩ মে, ২০২৫

**ধর্মনগরে বিপর্যয় ব্যবস্থাপনা সম্পর্কিত সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত**

বিপর্যয় ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়ে আজ ধর্মনগরে এক সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের জেলা বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উদ্যোগে জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এই কর্মশালার আয়োজন করা হয়। উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ এই কর্মশালার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জেলার ভারপ্রাপ্ত জেলাশাসক ও সমাহর্তা বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক এল দার্লং, ধর্মনগরের মহকুমা শাসক সজল দেবনাথ, পানিসাগরের মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, জেলা বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নোডাল অফিসার জে দার্লং প্রমুখ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ বলেন, বিপর্যয় ব্যবস্থাপনায় সকলকে সচেতন হওয়া জরুরী। এই দিক থেকে এই ধরণের কর্মশালার খুবই গুরুত্ব রয়েছে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত জেলাশাসক বিপ্লব দাস। তিনি বলেন, সঠিকভাবে প্রস্তুতির মাধ্যমে বিপর্যয়ের সময় ক্ষয়ক্ষিত কম করা যায়। এদিনের অনুষ্ঠানে ধর্মনগরের মহকুমা শাসক সজল দেবনাথ সচিত্র পরিবেশনার মাধ্যমে বিপর্যয়ের সময় কিভাবে সচেতন হতে হবে তা নিয়ে আলোকপাত করেন।

******